

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ মে, ২০১৪/০৫ জ্যৈষ্ঠ, ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৯৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ডিজিটাল বাংলাদেশ টাঙ্কফোর্স-এর নির্বাহী কমিটি নিম্নরূপভাবে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

(১)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সভাপতি
(২)	সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(৩)	সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(৪)	সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৫)	চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড	সদস্য
(৬)	সচিব, অর্থ বিভাগ	সদস্য
(৭)	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
(৮)	সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সদস্য
(৯)	সচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
(১০)	সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
(১১)	চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন	সদস্য
(১২)	সদস্য, বিনিয়োগ বোর্ড	সদস্য
(১৩)	কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	সদস্য
(১৪)	বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।	সদস্য

(১৩৭৭৭)

মূল্য : টাকা ৪.০০

(১৫)	সভাপতি, এফবিসিসিআই	সদস্য
(১৬)	সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি	সদস্য
(১৭)	সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন ফর সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস।	সদস্য
(১৮)	সভাপতি, বাংলাদেশ ইন্টারনেট সার্ভিসেস প্রোভাইডারস এসোসিয়েশন।	সদস্য
(১৯)	সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	সদস্য-সচিব

## (খ) কমিটির কার্যপরিধি :

- (১) দেশে তথ্য যোগাযোগ প্রযুক্তির যথাযথ বিকাশ, সম্প্রসারণ ও প্রয়োগের লক্ষ্যে নানা পদক্ষেপ, কলা-কৌশল ও উপায়-পদ্ধতি বিষয়ে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স-এর নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণে সহায়তা ও সুপারিশ প্রদান এবং সংশ্লিষ্ট বিষয়সমূহে পরিচালিত কর্মকাণ্ড বিষয়ে টাস্কফোর্সকে অবহিত রাখা;
  - (২) বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে এবং বিদ্যমান প্রতিবন্ধকতাগুলো দূরীকরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে উপদেশ-পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান এবং ক্রমান্বয়ে একটি সমন্বিত জাতীয় কর্মসূচির রূপরেখা প্রণয়নে ও পরিকল্পিতভাবে এর বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন;
  - (৩) তথ্য যোগাযোগ প্রযুক্তির সম্ভাবনা, সুযোগ, বিভিন্ন কারিগরি, শিল্প ও ব্যবসায়িক বিষয়ে এবং এর উন্নয়নে সরকারি ও বেসরকারি খাতের যথাযথ অংশীদারিত্বের উপায়-পদ্ধতি ও কলা-কৌশলসমূহ চিহ্নিতকরণ, বিভিন্ন অবকাঠামো তৈরি, বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহের দূরীকরণ এবং আইন ও প্রযুক্তিগত ব্যবস্থাপনা ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে সুপারিশ প্রদান;
  - (৪) তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ বিকাশে আইনগত (আইন ও লিগ্যাল ফ্রেমওয়ার্ক সৃষ্টি সংক্রান্ত) ও অন্যান্য প্রয়োজনীয় (হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্ক গঠন সংক্রান্ত) অবকাঠামো সৃষ্টি, আইন ও প্রযুক্তিগত ব্যবস্থাপনা, দারিদ্র বিমোচনে এর ব্যবহার ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, উৎসাহদান ও দিক-নির্দেশনা প্রদান;
  - (৫) ডিজিটাল বাংলাদেশ নির্মাণে সরকারি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং এর উন্নয়নে একটি দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণ; এবং
  - (৬) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।
- ২। কমিটি প্রয়োজনবোধে অন্য যে কারো উপদেশ-পরামর্শ গ্রহণ করতে পারবে বা অন্য কাউকে কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবে।
- ৩। কমিটি প্রয়োজনানুযায়ী বৈঠকে মিলিত হবে।
- ৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নুরুল করিম

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd